euaa
EUROPEAN UNION
AGENCY FOR ASYLUM

# পরিবারের সন্ধান (শিশু)

# ফর্ম

2025 সালে তৈরি খসড়া
ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) অথবা EUAA-এর পক্ষে কর্মরত কোনো ব্যক্তিই এই প্রকাশনায় থাকা তথ্যের যে কোনো সম্ভাব্য ব্যবহারের জন্য দায়ী নয়।
লুক্সেমবার্গ: পাব্লিকেশন্স অফিস অফ দ্য ইউরোপিয়ান ইউনিয়ন, 2025

PDF ISBN 978-92-9410-792-3 doi:10.2847/9629004 BZ-01-25-035-EN-N

© ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025
উৎস উল্লেখ সাপেক্ষে পুনরুৎপাদনের অনুমতি প্রদত্ত।

| | |
|---|---|
| **EU+ দেশের নাম** | |
| **জাতীয় কর্তৃপক্ষের ঠিকানা** | |
| **এই ফর্মটি কীভাবে এবং কোথায় জমা দিতে হবে সে সম্পর্কে EU+ দেশ-ভিত্তিক নির্দিষ্ট তথ্য।** | *এই ফর্মটি জমা দেওয়ার প্রাসঙ্গিক পদ্ধতিগুলো অন্তর্ভুক্ত করার জন্য EU+ দেশগুলোর জন্য এটি একটি স্থানধারক।*<br>*এই ফর্মটি কীভাবে জমা দিতে হবে? কোন ঠিকানায়? কোন সময়ের মধ্যে?* |

# পরিবার সন্ধানের ফর্ম (শিশু)

এই ফর্মটি ([1]) শিশুর অভিভাবক/প্রতিনিধি ([2]) দ্বারা পূরণ করতে হবে। অভিভাবক/প্রতিনিধির উচিত শিশুটিকে তার ফর্মটি সম্পূর্ণভাবে পড়ে শোনানো এবং সমস্ত বিবরণ ব্যাখ্যা করা।

## আমাকে এই ফর্মটি কেন দেওয়া হয়েছে?

আপনি নিজের দেশ ছেড়ে অন্য দেশে আছেন এবং আপনি একা। সদস্য রাষ্ট্রটি জানতে আগ্রহী যে, ইউরোপিয়ান ইউনিয়নের কোনো সদস্য রাষ্ট্রে বা কোনো সহযোগী দেশে (যাকে EU+ দেশ বলা হয়) আপনার পরিবারের কোনো সদস্য আছেন কি-না।

> ইউরোপীয় ইউনিয়নের সদস্য রাষ্ট্রগুলো হলো বেলজিয়াম, বুলগেরিয়া, চেক প্রজাতন্ত্র, ডেনমার্ক, জার্মানি, এস্তোনিয়া, আয়ারল্যান্ড, গ্রীস, স্পেন, ফ্রান্স, ক্রোয়েশিয়া, ইতালি, সাইপ্রাস, লাটভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, হাঙ্গেরি, মাল্টা, নেদারল্যান্ডস, অস্ট্রিয়া, পোল্যান্ড, পর্তুগাল, রোমানিয়া, স্লোভেনিয়া, স্লোভাকিয়া, ফিনল্যান্ড এবং সুইডেন। সহযোগী চারটি দেশ হলো আইসল্যান্ড, লিশটেনস্টাইন, নরওয়ে ও সুইজারল্যান্ড।

এই দেশের কর্তৃপক্ষ আপনাকে আপনার পরিবারকে  খুঁজে পেতে এবং তাদের সাথে পুনরায় মিলিত হতে সাহায্য করতে চায়। এই কারণেই আপনাকে এই ফর্মটি পূরণ করতে দেওয়া হচ্ছে। আপনাকে এই দেশের কর্তৃপক্ষকে আপনার পরিবার সম্পর্কে তথ্য জানাতে হবে, যেমন তারা কারা, কোথায় থাকেন এবং তাদের সাথে কীভাবে যোগাযোগ করা যাবে।

আপনাকে নিজে থেকে ফর্মটি পূরণ করতে হবে না। অভিভাবক নামক একজন বিশেষ সাহায্যকারী আপনাকে সাহায্য করবেন। আপনার আরো সাহায্যের প্রয়োজন হলে, আপনি কেস অফিসার, অভ্যর্থনা কর্মী এবং আইনি উপদেষ্টাদের মতো অন্যান্য ব্যক্তিদেরও জিজ্ঞাসা করতে পারেন।

## আমাকে এই ফর্মটি পূরণ করতে কেন বলা হয়েছে?

EU+ কোনো দেশে আপনার পরিবারের সদস্য থাকলে, এই দেশের কর্তৃপক্ষের তা জানা প্রয়োজন। যদি আপনি তা করেন, তাহলে তারা যে দেশে বাস করছেন, সেই দেশ আপনার আবেদনটি নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত হতে পারে।

এই দেশের কর্তৃপক্ষও আপনাকে EU+ দেশগুলোতে থাকা আপনার পরিবারের সদস্যদের সাথে পুনরায় মিলিত হতে সাহায্য করতে চায়, যদি তাদের সাথে থাকা আপনার জন্য মঙ্গলজনক হয়। আপনি যদি আপনার পরিবারের সদস্যদের সঙ্গে পুনরায় মিলিত হতে চান, তবে আমাদের জানান এবং আমরা খতিয়ে দেখব যে এটি সম্ভব কি-না ও

([1]) PDF: BZ-01-25-007-EN-N এবং Print: BZ-01-25-007-EN-C।
([2]) এই ফর্মে, EUAA-এর *পারিবারের সন্ধান সংক্রান্ত ব্যবহারিক নির্দেশিকা* , 2025-এর ‘পরিভাষা’ বিভাগে বিস্তারিত আইনগত কাঠামো অনুসারে, ‘প্রতিনিধি’ এবং ‘অভিভাবক’ শব্দ দুটি পরস্পর পরিবর্তন যোগ্য ভাবে ব্যবহৃত হবে।

তা বাস্তবায়নের চেষ্টা করব। যদি আপনার মনে হয় যে পুনরায় একত্রিত হওয়াটা আপনাদের জন্য ভালো হবে না, তাহলে যত তাড়াতাড়ি সম্ভব আমাদের জানান।

## কার সাথে আমি পুনরায় মিলিত হতে পারি?

আপনি পরিবারের কোনো সদস্য, ভাই বোন বা আত্মীয়ের সঙ্গে পুনরায় মিলিত হতে পারেন। আপনাকে জিজ্ঞাসা করা হবে আপনি পুনরায় মিলিত হতে চান কি-না।

ইউরোপিয়ান ইউনিয়নের আইন অনুসারে, আপনার **পরিবারের সদস্যরা** হলেন:
- আপনার বাবা-মা।

আপনার **ভাইবোনেরা** হলেন:
- আপনার ভাই
- আপনার বোন।

আপনার **আত্মীয়রা** হলেন:
- আপনার খালা/চাচী/মামী/ফুফু
- আপনার খালু/চাচা/মামা
- আপনার দাদী/নানী
- আপনার দাদা/নানা

**যদি কোনো EU+ দেশে আপনার পরিবারের কোনো সদস্য থাকেন, তাহলে আপনি নিম্নলিখিত অধিকারগুলো পাবেন।**
- আপনার মামলাটি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে।
- যেসব ব্যক্তি বা প্রতিষ্ঠান আপনাকে এই ফর্মটি পূরণ করতে সহায়তা করতে সক্ষম, আপনি তাদের কাছ থেকে তথ্য চাইতে পারেন।
- আপনি জাতীয়, আন্তর্জাতিক এবং অন্যান্য প্রাসঙ্গিক সংস্থাগুলোর বিষয়ে তথ্য চাইতে পারেন, যেগুলো আপনার পরিবারের সদস্যদের শনাক্ত করতে ও তাদের সন্ধান পেতে সহায়তা করতে পারে।
- আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন পর্যালোচনার দায়িত্বে থাকা EU+ দেশটি নির্ধারণ করার জন্য একটি সাক্ষাৎকারের আয়োজন করা যেতে পারে, যদি না সাক্ষাৎকারটি বাতিল করার মতো কোনো কারণ থাকে।
- পরিবারের সদস্যদের উপস্থিতি প্রমাণে সহায়ক যে কোনো তথ্য আপনি মৌখিক ভাবে বা নথিপত্রের মাধ্যমে জমা দিতে পারেন।
- আপনি আপনার মামলা সম্পর্কে আরও তথ্যের জন্য অনুরোধ করতে পারেন।

# এই ফর্মে আমাকে কী কী তথ্য অন্তর্ভুক্ত করতে হবে?

ফর্মটি পূরণ করার সময় আপনাকে আপনার পরিবারের সদস্যদের, যেমন আপনার মা, বাবা, ভাই, বোন, পিসি/ কাকিমা /মামী/ মাসি, পিসেমশাই/ কাকু /মামা, ঠাকুর্দা/ঠাকুমা এবং দাদু / দিদিমার সম্পর্কে জিজ্ঞাসা করা হবে। আপনাকে এই দেশের কর্তৃপক্ষকে এটাও জানাতে হবে যে তারা কোথায় থাকে এবং তাদের সাথে কীভাবে যোগাযোগ করা যাবে।

## এই তথ্য কেন গুরুত্বপূর্ণ?

আপনি যত বেশি তথ্য দেবেন, এই দেশের কর্তৃপক্ষের পক্ষে আপনার পরিবারের সদস্য যে দেশে আছেন সেখানকার কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা, আপনাদের সম্পর্ক যাচাই করা এবং যত দ্রুত সম্ভব আপনাদের একত্রিত করা তত সহজ হবে।

সম্পর্কটি এবং ব্যক্তিটির অবস্থান সম্পর্কে আরও জানতে আপনাকে সাক্ষাৎকারের জন্য ডাকা হতে পারে বা প্রাসঙ্গিক প্রশ্ন করা হতে পারে।

আপনার কাছে সব তথ্য না থাকলেও চিন্তা করবেন না। আপনার অভিভাবকের সাথে ফর্মটি যথাসম্ভব পূরণ করুন এবং এই দেশের কর্তৃপক্ষ প্রক্রিয়াটি শুরু করার জন্য যথাসাধ্য চেষ্টা করবে। আপনার কাছে কোনো কাগজপত্র থাকলে, আপনার অভিভাবক যত দ্রুত সম্ভব সেগুলো জমা দেবেন।

## এই ফর্মটি কীভাবে পূরণ করবেন

আপনার অভিভাবক ফর্মের **পার্ট 1** পূরণ করবেন। এটি আপনার **ব্যক্তিগত তথ্য** সংগ্রহ করে। পার্ট 1 শুধুমাত্র একবারই পূরণ করতে হবে।

**ধাপ 1।** ফর্মের পার্ট 1 পূরণ করুন। এটি আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করে।

**ধাপ 2।** পরিবারের প্রত্যেক সদস্যের জন্য ফর্মের প্রাসঙ্গিক অংশ(গুলি) পূরণ করুন।

- আপনার পিতামাতা: আপনার মা অথবা বাবা (পাট 2)।
  *যদি আপনার বাবা-মা উভয়ই এক বা একাধিক EU+ দেশে থাকেন, তাহলে ফর্মের এই অংশটি প্রত্যেক অভিভাবকের জন্য পূরণ করুন।*
- আপনার ভাইবোন: ভাই অথবা বোন (পাট 3)।
  *EU+ দেশগুলিতে আপনার একাধিক ভাই বোন থাকলে, ফর্মের এই অংশটি প্রত্যেক ভাই বোনের জন্য পূরণ করুন।*
- আপনার আত্মীয়স্বজন: পিসেমশাই/ কাকু /মামা, পিসি/ কাকিমা /মামী/ মাসি, ঠাকুর্দা/ঠাকুমা /দাদু / দিদিমা (পাট 4)।
  *EU+ দেশগুলিতে আপনার একাধিক আত্মীয় থাকলে, প্রত্যেক আত্মীয়ের জন্য ফর্মের এই অংশটি পূরণ করুন।*
- অন্যান্য পারিবারিক সম্পর্ক (পাট 5)।
  *EU+ দেশগুলিতে আপনার অন্য কোনো আত্মীয় থাকলে, প্রত্যেক আত্মীয়ের জন্য ফর্মের এই অংশটি পূরণ করুন।*

**ধাপ 3।** আপনার পবিরারের বংশতালিকা (পার্ট 6) অঙ্কন করে পরিবারের সকল সদস্যকে চিহ্নিত করুন। ভবিষ্যতে পরিবার অনুসন্ধানের প্রচেষ্টায় অথবা এমন অন্য কোনো ব্যক্তি আছেন কি-না যাদের সাথে পুনর্মিলনের উদ্যোগ নেওয়া যেতে পারে, তা বুঝতে এটি সহায়ক হতে পারে।

**মনে রাখবেন।** পরিবারের প্রত্যেক সদস্যের জন্য আপনার অভিভাবক ফর্মের প্রাসঙ্গিক অংশটি (**পার্ট 2 থেকে পার্ট 5**) পূরণ করবেন। আপনার পরিবারের সকল সদস্যকে চিহ্নিত করতে **পার্ট 6** ব্যবহার ক'রে আপনার বংশতালিকা অঙ্কন করুন।

## ফর্মটি পূরণ করতে আমাকে কে সাহায্য করতে পারেন?

আপনার অভিভাবক আপনার সাথে ফর্মটি পূরণ করবেন। তারা আপনাকে সমস্ত প্রয়োজনীয় তথ্য এমন ভাবে জানাবে যা আপনি বুঝতে পারবেন, যাতে আপনি আপনার অধিকার প্রয়োগ করতে পারেন। আপনার যেকোনো প্রয়োজনে আপনি সবসময় আপনার অভিভাবকের সাথে কথা বলতে পারেন। কেস অফিসার বা অভ্যর্থনা কর্মীরাও আপনাকে সাহায্য করতে পারেন। আপনি আইনি পরামর্শদাতা ও দোভাষীদের সাহায্যও চাইতে পারেন। যদি কিছু না বোঝেন, তাহলে এই দেশের কর্তৃপক্ষের কাছে জিজ্ঞাসা করুন।

*টেমপ্লেট পূরণে সহায়তা এবং আইনি পরামর্শ প্রদানকারী ব্যক্তি ও প্রতিষ্ঠান সম্পর্কিত EU+ দেশ-ভিত্তিক নির্দিষ্ট তথ্য।*

## আমি কীভাবে আমার পরিবারের সদস্যের সাথে পুনরায় মিলিত হতে পারি?

ফর্মটি পূরণ করার পর কর্তৃপক্ষ তথ্যগুলো খতিয়ে দেখবে এবং আপনার পরিবারকে খুঁজে বের করার চেষ্টা করবে। তারা আপনাকে আরও কিছু প্রশ্ন করতে পারেন অথবা আরেকটি সাক্ষাৎকারের জন্য ডাকতে পারেন। যদি তারা আপনার পরিবারকে খুঁজে পায়, তাহলে তাদের সাথে আপনার পুনর্মিলনে তারা আপনাকে সাহায্য করবে। তারা এও নিশ্চিত করতে চাইবেন যে, আপনার পরিবারের সাথে থাকাটা আপনার জন্য নিরাপদ ও ভালো হবে কি-না। আপনার নিরাপত্তা নিশ্চিত করতে তারা সর্বাত্মক চেষ্টা করবে। যদি এটি আপনার জন্য নিরাপদ না হয়, তবে পুনর্মিলনের প্রক্রিয়া শুরু করা হবে না।

এই মূল্যায়নের সময় আপনার মতামত বিবেচনা করা হবে, কিন্তু পুনর্মিলনের বিষয়ে সিদ্ধান্ত আপনার নিরাপত্তা ও মঙ্গলের জন্য যা সবচেয়ে ভালো, তার ভিত্তিতেই নেওয়া হবে। আপনি যদি আপনার মা, বাবা, বোন বা ভাই, পিসি/ কাকিমা /মামী/ মাসি, পিসেমশাই/ কাকু /মামা, ঠাকুর্দা/ঠাকুমা /দাদু / দিদিমার সাথে পুনরায় মিলিত হতে চান, তাহলে আপনাকে কর্তৃপক্ষকে জানাতে হবে। আপনার যদি মনে হয় তাদের সাথে যোগ দেওয়া আপনার জন্য ভালো হবে না, তাহলে সেটাও আপনাকে তাদের জানাতে হবে।

**মনে রাখবেন**। আপনার মামলাটি বিশেষ গুরুত্বপূর্ণ। এর মানে হলো, যদি আপনার ক্ষেত্রে পারিবারিক পুনর্মিলনের প্রক্রিয়া শুরু করা যায়, তাহলে কর্তৃপক্ষ যত দ্রুত সম্ভব তা সম্পন্ন করবে, যাতে আপনাকে বেশিদিন অপেক্ষা করতে না হয়।

## আমার পরিবারের সদস্য কোথায় আছেন, তা আমি জানি না। আপনি কি আমাকে সাহায্য করতে পারবেন?

যদি আপনি জানেন যে আপনার পরিবারের সদস্য, ভাই বোন বা আত্মীয় কোনো EU+ দেশে আছেন কিন্তু তারা ঠিক কোথায় আছেন সে বিষয়ে আপনি নিশ্চিত নন, তাহলে আপনি পরিবার অনুসন্ধানকারী সংস্থাগুলোর কাছে সহায়তা চাইতে পারেন, যারা আপনার পরিবারের সদস্যকে খুঁজে পেতে আপনাকে সাহায্য করবে। আপনার অভিভাবক আপনাকে এই সংস্থাগুলোর সাথে যোগাযোগ করতে সাহায্য করবেন। আপনার যদি এই ধরনের সহায়তার প্রয়োজন হয়, তবে এই দেশের কর্তৃপক্ষকে জানান।

*পরিবার সন্ধানকারী সংস্থাগুলো সম্পর্কে EU+ দেশগুলোর নির্দিষ্ট তথ্য।*

## আমার দেওয়া তথ্য কীভাবে পরিচালনা করা হবে?

আপনার প্রদান করা তথ্য গোপনীয়তার সাথে ব্যবহার করা হবে। এটি কখনোই এমন কোনো দেশের সাথে শেয়ার করা হবে না যা EU+ দেশ হিসেবে তালিকাভুক্ত নয় (এই ফর্মের 1 নং পৃষ্ঠা দেখুন), অথবা যা আপনার বা আপনার পরিবারের সদস্যের মূল দেশ বা পূর্ববর্তী বাসস্থান ছিল। তথ্যটি সুরক্ষিত ভাবে শুধুমাত্র সেই EU+ দেশেই জমা দেওয়া হবে যেখানে আপনার পরিবারের সদস্য উপস্থিত আছেন, যাতে সেই দেশের কর্তৃপক্ষ নির্ধারণ করতে পারে যে আপনাদের সম্পর্কটি পারিবারিক পুনর্মিলনের জন্য যোগ্য কি-না। প্রয়োজন হলে, পরবর্তী জিজ্ঞাসাবাদের জন্য কর্তৃপক্ষ বা সংস্থাগুলো আপনার পরিবারের সদস্যের সাথে যোগাযোগ করতে পারে।

## পার্ট 1। শিশুর ব্যক্তিগত তথ্য

| | |
|---|---|
| **মামলার নম্বর:** | |
| নামের প্রথম অংশ | |
| পদবি | |
| বয়স | |
| লিঙ্গ | |
| জন্ম তারিখ (দিন/মাস/বছর) | |
| জন্মস্থান | |
| মূল দেশ থেকে প্রস্থানের তারিখ | |
| জাতীয়তা/সমূহ | |
| ঠিকানা/আবাসন | |
| যোগাযোগের বিবরণ (ইমেইল ঠিকানা, সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট, ফোন নম্বর) | |
| **অভিভাবকের যোগাযোগের বিবরণ** | |
| নামের প্রথম অংশ | |
| পদবি | |
| ফোন নম্বর | |
| ইমেইল ঠিকানা | |
| ☐ **আমি নিশ্চিত করছি যে আমার পরিবারের একজন সদস্য একটি EU+ দেশে অবস্থান করছেন।** | |
| আমার পরিবারের সদস্য হলেন (একাধিক অপশন নির্বাচন করা যেতে পারে) | ☐ আমার পিতামাতা (মা অথবা বাবা) (পার্ট 1)<br>☐ আমার ভাই বোন (ভাই বা বোন) (পার্ট 2)<br>☐ আমার পিসেমশাই/ কাকু /মামা বা পিসি/ কাকিমা /মামী/ মাসি (পার্ট 3)<br>☐ আমার পিতামহ/পিতামহী (ঠাকুর্দা / দাদু বা ঠাকুমা / দিদিমা) (পার্ট 4)<br>☐ অন্যান্য পারিবারিক সম্পর্ক (পার্ট 5) (অনুগ্রহ করে উল্লেখ করুন): |
| অন্যান্য প্রাসঙ্গিক তথ্য | |
| **তারিখ ও অভিভাবক/প্রতিনিধির স্বাক্ষর** | |

## পার্ট 2। পিতামাতার ব্যক্তিগত তথ্য

*যদি শিশুটির বাবা-মা উভয়ই এক বা একাধিক EU+ দেশে থাকেন, তাহলে প্রত্যেক ব্যক্তির জন্য একটি নতুন বিভাগ তৈরি করতে 'ডুপ্লিকেট সেকশন' বোতামে ক্লিক করুন।*

| | |
|---|---|
| নামের প্রথম অংশ | |
| পদবি | |
| অন্যান্য ব্যবহৃত নাম | |
| বয়স | |
| লিঙ্গ | |
| জন্ম তারিখ (দিন/মাস/বছর) | |
| জন্মস্থান | |
| সম্পর্ক | ☐ মা<br>☐ সৎ মা<br>☐ বাবা<br>☐ সৎ বাবা |
| EU+ এ বর্তমান বা সর্বশেষ জ্ঞাত অবস্থান (দেশ, শহর) | |
| EU+ দেশে ব্যক্তির বসবাসের অবস্থা | ☐ আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী<br>☐ আন্তর্জাতিক সুরক্ষার সুবিধাভোগী<br>☐ দীর্ঘ-মেয়াদী অবস্থান<br>☐ বাসিন্দা<br>☐ নাগরিক<br>☐ জানা নেই |
| মূল দেশ থেকে প্রস্থানের তারিখ | |
| জাতীয়তা/সমূহ | |
| ব্যক্তিগত নম্বর / মামলার নম্বর (EU+ দেশে উপলব্ধ একটি শনাক্তকরণ নম্বর) | |
| ঠিকানা/আবাসন | |
| যোগাযোগের বিবরণ (ইমেইল ঠিকানা, সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট, ফোন নম্বর) | |

**পুনর্মিলনের ইচ্ছা**

আপনি কি এই ব্যক্তির সাথে পুনরায় মিলিত হতে চান?

☐ হ্যাঁ, আমি পুনর্মিলিত হতে চাই।

☐ না, আমি পুনর্মিলিত হতে চাই না।

যদি আপনি পুনর্মিলিত হতে না চান, তবে তার কারণ ব্যাখ্যা করতে পারেন। এই তথ্য গোপনীয়তার সাথে ব্যবহার করা হবে।

*অনুগ্রহ করে মনে রাখবেন যে, আপনি কোথায় থাকবেন তা হয়তো বেছে নিতে পারবেন না, কারণ আপনার নিরাপত্তা ও মঙ্গলের জন্য কোনটি সর্বোত্তম, তা মূল্যায়ন করেই পুনর্মিলন সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।*

| **শেষবার কখন এবং কোথায় এই ব্যক্তির সাথে আপনার যোগাযোগ হয়েছিল?** |
|---|
| |
| **এমন আর কেউ কি আছেন যিনি আপনার পরিবারের সদস্যের অবস্থান সম্পর্কে জানতে পারেন? যদি তাই হয়, তবে অনুগ্রহ করে তাদের যোগাযোগের বিবরণ দিন। আপনি কি এই ব্যক্তির সাথে যোগাযোগ করেছেন?** |
| |
| **এই ব্যক্তিকে খুঁজে বের করার জন্য আপনি কি কোনো সংস্থার সাথে যোগাযোগ করেছেন? *যদি হ্যাঁ হয়, তবে অনুগ্রহ করে বিস্তারিত বলুন (প্রতিষ্ঠানের নাম, অনুসন্ধানের অবস্থা / ফলাফল)।*** |
| |
| **আপনার কাছে থাকা সম্পর্কটি নিশ্চিত করে এমন নথি বা প্রমাণ বর্ণনা করুন।**<br>উদাহরণস্বরূপ, বিবাহ সনদ, জন্ম সনদ, পরিচয়পত্রের অনুলিপি, পরিবারের সদস্যের ছবি, অন্যান্য। আপনাকে এই নথিগুলো বা এই প্রমাণপত্রগুলো জমা দিতে হবে। |
| |
| **অন্যান্য প্রাসঙ্গিক তথ্য** |
| |

ডুপ্লিকেট সেকশন

## পার্ট 3। ভাই বোনের ব্যক্তিগত তথ্য

*যদি শিশুটির EU+ দেশগুলিতে একাধিক ভাইবোন থাকে, তবে প্রত্যেকের জন্য আলাদাভাবে একটি নতুন বিভাগ তৈরি করতে ‘ডুপ্লিকেট সেকশন’ বোতামে ক্লিক করুন।*

| | |
|---|---|
| নামের প্রথম অংশ | |
| পদবি | |
| অন্যান্য ব্যবহৃত নাম | |
| বয়স | |
| লিঙ্গ | |
| জন্ম তারিখ (দিন/মাস/বছর) | |
| জন্মস্থান | |
| সম্পর্ক | ☐ বোন<br>☐ মায়ের দিকের সৎ বোন<br>☐ পৈতৃক সৎ বোন<br>☐ মায়ের দিকের সম্পর্কিত বোন<br>☐ বাবার দিকের সৎ বোন<br>☐ ভাই<br>☐ মায়ের দিকের সৎ ভাই<br>☐ বাবার দিকের সৎ ভাই<br>☐ মায়ের দিকের সৎ ভাই<br>☐ বাবার দিকের সৎ ভাই |
| EU+ এ বর্তমান বা সর্বশেষ জ্ঞাত অবস্থান (দেশ, শহর) | |
| EU+ দেশে ব্যক্তির বসবাসের অবস্থা | ☐ আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী<br>☐ আন্তর্জাতিক সুরক্ষার সুবিধাভোগী<br>☐ দীর্ঘ-মেয়াদী অবস্থান<br>☐ বাসিন্দা<br>☐ নাগরিক<br>☐ জানা নেই |
| মূল দেশ থেকে প্রস্থানের তারিখ | |
| জাতীয়তা/সমূহ | |
| ব্যক্তিগত নম্বর / মামলার নম্বর (EU+ দেশে উপলব্ধ একটি শনাক্তকরণ নম্বর) | |
| ঠিকানা/আবাসন | |
| যোগাযোগের বিবরণ (ইমেইল ঠিকানা, সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট, ফোন নম্বর) | |

| **পুনর্মিলনের ইচ্ছা** |
|---|
| আপনি কি এই ব্যক্তির সাথে পুনরায় মিলিত হতে চান?<br>☐ হ্যাঁ, আমি পুনর্মিলিত হতে চাই।<br>☐ না, আমি পুনর্মিলিত হতে চাই না।<br>যদি আপনি পুনর্মিলিত হতে না চান, তবে তার কারণ ব্যাখ্যা করতে পারেন। এই তথ্য গোপনীয়তার সাথে পরিচালনা করা হবে। |
| **শেষবার কখন এবং কোথায় এই ব্যক্তির সাথে আপনার যোগাযোগ হয়েছিল?** |
| |
| **এমন আর কেউ কি আছেন যিনি আপনার পরিবারের সদস্যের অবস্থান সম্পর্কে জানতে পারেন? যদি তাই হয়, তবে অনুগ্রহ করে তাদের যোগাযোগের বিবরণ দিন। আপনি কি এই ব্যক্তির সাথে যোগাযোগ করেছেন?** |
| |
| **এই ব্যক্তিকে খুঁজে বের করার জন্য আপনি কি কোনো সংস্থার সাথে যোগাযোগ করেছেন?** ***যদি হ্যাঁ হয়, তবে অনুগ্রহ করে বিস্তারিত বলুন (প্রতিষ্ঠানের নাম, অনুসন্ধানের অবস্থা / ফলাফল)।*** |
| |
| **আপনার কাছে থাকা সম্পর্কটি নিশ্চিত করে এমন নথি বা প্রমাণ বর্ণনা করুন।**<br>উদাহরণস্বরূপ, বিবাহ সনদ, জন্ম সনদ, পরিচয়পত্রের অনুলিপি, পরিবারের সদস্যের ছবি, অন্যান্য। আপনাকে এই নথিগুলো বা এই প্রমাণপত্রগুলো জমা দিতে হবে। |
| |
| **অন্যান্য প্রাসঙ্গিক তথ্য** |
| |

ডুপ্লিকেট সেকশন

## পার্ট 4। আত্মীয়ের ব্যক্তিগত তথ্য

*যদি শিশুটির EU+ দেশগুলিতে একাধিক আত্মীয় থাকে, তাহলে প্রত্যেক ব্যক্তির জন্য একটি নতুন বিভাগ তৈরি করতে ‘ডুপ্লিকেট সেকশন’ বোতামে ক্লিক করুন।*

| | |
|---|---|
| নামের প্রথম অংশ | |
| পদবি | |
| অন্যান্য ব্যবহৃত নাম | |
| বয়স | |
| লিঙ্গ | |
| জন্ম তারিখ (দিন/মাস/বছর) | |
| জন্মস্থান | |
| সম্পর্ক | ☐ পিসি/ মাসি<br>☐ কাকু /মামা<br>☐ দিদিমা<br>☐ দাদু<br>☐ কাকিমা /মামী<br>☐ কাকু /পিসেমশাই<br>☐ ঠাকুমা<br>☐ ঠাকুর্দা |
| EU+ দেশে বর্তমান অবস্থান (দেশ, শহর) | |
| EU+ দেশে ব্যক্তির বসবাসের অবস্থা | ☐ আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী<br>☐ আন্তর্জাতিক সুরক্ষার সুবিধাভোগী<br>☐ দীর্ঘ মেয়াদী অবস্থান<br>☐ বাসিন্দা<br>☐ নাগরিক<br>☐ জানা নেই |
| মূল দেশ থেকে প্রস্থানের তারিখ | |
| জাতীয়তা/সমূহ | |
| ব্যক্তিগত নম্বর / মামলার নম্বর (EU+ দেশে উপলব্ধ একটি শনাক্তকরণ নম্বর) | |
| ঠিকানা/আবাসন | |
| যোগাযোগের বিবরণ (ইমেইল ঠিকানা, সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট, ফোন নম্বর) | |

**পুনর্মিলনের ইচ্ছা**

আপনি কি এই ব্যক্তির সাথে পুনরায় মিলিত হতে চান?
☐ হ্যাঁ, আমি পুনর্মিলিত হতে চাই।
☐ না, আমি পুনর্মিলিত হতে চাই না।
যদি আপনি পুনর্মিলিত হতে না চান, তবে তার কারণ ব্যাখ্যা করতে পারেন। তথ্যটি গোপনীয়তার সাথে ব্যবহার করা হবে।

| **শেষবার কখন এবং কোথায় এই ব্যক্তির সাথে আপনার যোগাযোগ হয়েছিল?** |
|---|
| |
| **এমন আর কেউ কি আছেন যিনি আপনার পরিবারের সদস্যের অবস্থান সম্পর্কে জানতে পারেন? যদি তাই হয়, তবে অনুগ্রহ করে তাদের যোগাযোগের বিবরণ দিন। আপনি কি এই ব্যক্তির সাথে যোগাযোগ করেছেন?** |
| |
| **এই ব্যক্তিকে খুঁজে বের করার জন্য আপনি কি কোনো সংস্থার সাথে যোগাযোগ করেছেন?** ***যদি হ্যাঁ হয়, তবে অনুগ্রহ করে বিস্তারিত বলুন (প্রতিষ্ঠানের নাম, অনুসন্ধানের অবস্থা / ফলাফল)।*** |
| |
| **আপনার কাছে থাকা সম্পর্কটি নিশ্চিত করে এমন নথি বা প্রমাণ বর্ণনা করুন।**<br>উদাহরণস্বরূপ, বিবাহ সনদ, জন্ম সনদ, পরিচয়পত্রের অনুলিপি, পরিবারের সদস্যের ছবি, অন্যান্য। আপনাকে এই নথিগুলো বা এই প্রমাণপত্রগুলো জমা দিতে হবে। |
| |
| **অন্যান্য প্রাসঙ্গিক তথ্য** |
| |

ডুপ্লিকেট সেকশন


| পার্ট 5। অন্য সম্পর্কিত ব্যক্তির ব্যক্তিগত তথ্য | |
|---|---|
| *যদি শিশুটির EU+ দেশগুলিতে একাধিক অন্যান্য আত্মীয় থাকে, তাহলে প্রত্যেক ব্যক্তির জন্য একটি নতুন বিভাগ তৈরি করতে 'ডুপ্লিকেট সেকশন' বোতামে ক্লিক করুন।* | |
| নামের প্রথম অংশ | |
| পদবি | |
| অন্যান্য ব্যবহৃত নাম | |
| বয়স | |
| লিঙ্গ | |
| জন্ম তারিখ | |
| জন্মস্থান | |
| সম্পর্কের ধরন / পারিবারিক বন্ধন | |
| EU+ দেশগুলিতে বর্তমান অবস্থান (দেশ, শহর) | |
| EU+ দেশে ব্যক্তির বসবাসের অবস্থা | ☐ আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী<br>☐ আন্তর্জাতিক সুরক্ষার সুবিধাভোগী<br>☐ দীর্ঘ মেয়াদী অবস্থান<br>☐ বাসিন্দা<br>☐ নাগরিক<br>☐ জানা নেই |
| মূল দেশ থেকে প্রস্থানের তারিখ | |
| জাতীয়তা/সমূহ | |
| ব্যক্তিগত নম্বর / মামলার নম্বর (EU+ দেশে উপলব্ধ একটি শনাক্তকরণ নম্বর) | |
| ঠিকানা/আবাসন | |
| যোগাযোগের বিবরণ (ইমেইল ঠিকানা, সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট, ফোন নম্বর) | |
| **পুনর্মিলনের ইচ্ছা** | |
| আপনি কি এই ব্যক্তির সাথে পুনরায় মিলিত হতে চান?<br>☐ হ্যাঁ, আমি পুনর্মিলিত হতে চাই।<br>☐ না, আমি পুনর্মিলিত হতে চাই না।<br>যদি আপনি পুনর্মিলিত হতে না চান, তবে তার কারণ ব্যাখ্যা করতে পারেন। এই তথ্য গোপনীয়তার সাথে পরিচালনা করা হবে। | |
| **শেষবার কখন এবং কোথায় এই ব্যক্তির সাথে আপনার যোগাযোগ হয়েছিল?** | |
| | |

| **এমন আর কেউ কি আছেন যিনি আপনার পরিবারের সদস্যের অবস্থান সম্পর্কে জানতে পারেন? যদি তাই হয়, তবে অনুগ্রহ করে তাদের যোগাযোগের বিবরণ দিন। আপনি কি এই ব্যক্তির সাথে যোগাযোগ করেছেন?** |
|---|
| |
| **এই ব্যক্তিকে খুঁজে বের করার জন্য আপনি কি কোনো সংস্থার সাথে যোগাযোগ করেছেন? *যদি হ্যাঁ হয়, তবে অনুগ্রহ করে বিস্তারিত বলুন (প্রতিষ্ঠানের নাম, অনুসন্ধানের অবস্থা / ফলাফল)।*** |
| |
| **আপনার কাছে থাকা সম্পর্কটি নিশ্চিত করে এমন নথি বা প্রমাণ বর্ণনা করুন।**<br>উদাহরণস্বরূপ, বিবাহ সনদ, জন্ম সনদ, পরিচয়পত্রের অনুলিপি, পরিবারের সদস্যের ছবি, অন্যান্য। আপনাকে এই নথিগুলো বা এই প্রমাণপত্রগুলো জমা দিতে হবে। |
| |
| **অন্যান্য প্রাসঙ্গিক তথ্য** |
| |

ডুপ্লিকেট সেকশন

## পার্ট 6। বংশতালিকা

আপনি নীচের বাক্সে আপনার বংশতালিকা আঁকতে পারেন। আপনার পরিবারের সদস্য, ভাইবোন এবং আত্মীয়-স্বজনদের নাম উল্লেখ করতে ভুলবেন না। সম্ভব হলে, আপনার পরিবারের সদস্য বর্তমানে কোন দেশে অবস্থান করছেন তা উল্লেখ করুন। আপনার বংশতালিকার একটি নমুনা নিচের চিত্রে দেখানো হলো।




***এই বিভাগে পরিবারের অন্য কোনো সদস্যের তথ্য সন্নিবেশ করুন।***